
দৈনিক সংবাদ

255

তারিখ ... AUG. 1 1 1999
পৃষ্ঠা 4 কলাম 7

## শিক্ষক প্রশিক্ষণ কলেজ/ইন্সটিটিউটের নামকরণ প্রসঙ্গে

বর্তমানে দেশে প্রাথমিক শিক্ষা হতে আরম্ভ করে উচ্চ মাধ্যমিক শিক্ষা স্তরের শিক্ষকগণের প্রশিক্ষণের জন্য ৫ ধরনের প্রতিষ্ঠান আছে। এই ৫টি প্রতিষ্ঠানই ইন্টারমিডিয়েট/ডিগ্রি কলেজ স্তরের প্রতিষ্ঠান। কিন্তু এই সব প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে কোন যথার্থতা খুঁজিয়া পাওয়া যায় না।



উদাহরণস্বরূপ ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণীর মাধ্যমিক স্তরের শিক্ষকগণের প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম বি-এড কলেজ। কিন্তু একাদশ ও দ্বাদশ শ্রেণীর উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষকগণের প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট। মাধ্যমিক স্তরের ক্ষেত্রে কলেজ নামকরণ করা হলে উচ্চ মাধ্যমিক স্তরের ক্ষেত্রে ইন্সটিটিউট নামকরণ সামঞ্জস্যপূর্ণ নয় এবং নামকরণের ক্ষেত্রে প্রতিষ্ঠানটিকে ডি-গ্রেড করা হয়েছে।

এছাড়া উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট, মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট, কারিগরি শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট ইত্যাদির ক্ষেত্রে প্রশিক্ষণ শব্দের পূর্বে 'শিক্ষক' শব্দটি যথার্থভাবে ব্যবহার করা হলেও প্রাথমিক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই)-এর ক্ষেত্রে শিক্ষক শব্দটি ব্যবহার করা হয়নি। এক্ষেত্রেও নামকরণ সামঞ্জস্যপূর্ণ হয়নি।

পলিটেকনিক ইন্সটিটিউট (পিটিআই)-এর সাথে প্রাইমারি ট্রেনিং ইন্সটিটিউট (পিটিআই)-এর সংক্ষিপ্ত নামের মিল থাকায় হরহামেশাই এক প্রতিষ্ঠানের চিঠি, পরীক্ষার খাতা, মানি অর্ডার ইত্যাদি অন্য প্রতিষ্ঠানে বিলি করা হচ্ছে, কাজ-কর্মের বেশ অসুবিধা হচ্ছে। পিটিআই, সিলেট বলতে সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট অথবা সিলেট প্রাইমারি ট্রেনিং ইন্সটিটিউটকে বুঝতে পারে। ফলে কাজকর্মে ভুল হওয়া খুবই স্বাভাবিক। উল্লেখ্য, কিছুদিন পূর্বে আমাদের ২টি প্রধান সমুদ্র বন্দর চিটাগাং পোর্ট অথরিটি (সিপিএ) এবং চালনা পোর্ট অথরিটি (সিপিএ), এ ২টি বন্দরের সংক্ষিপ্ত নাম এক হয়ে যাওয়ায় দেশ-বিদেশ থেকে চিঠিপত্র এবং মালপত্র গ্রহণ ও প্রেরণের ক্ষেত্রে অসুবিধা/জটিলতা সৃষ্টি হয়। তাই সরকার চালনা পোর্ট অথরিটির নাম মংলাপোর্ট অথরিটি (এমপিএ) হিসেবে পুনঃনামকরণ করেছে।

উপরোক্ত বক্তব্যের পরিপ্রেক্ষিতে শিক্ষক প্রশিক্ষণ কলেজ/ইন্সটিটিউটগুলোর নামকরণের সামঞ্জস্যতা রক্ষার এবং দৈনন্দিন কাজ-কর্মের অসুবিধা দূরীকরণের লক্ষ্যে প্রতিষ্ঠানগুলোর নাম নিম্নরূপ পুনঃ নামকরণের প্রস্তাব রাখছি-

(১) প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট/ কলেজ (২) মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট/কলেজ (৩) উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট/ কলেজ।

উক্ত প্রস্তাবগুলো সংশ্লিষ্ট মহলের বিবেচনার জন্য বিনীত অনুরোধ করছি।

তাহমিনা আকতার
পাঠানটুলী রোড, চৌমুহনী
চট্টগ্রাম।

STATISTICS
SHEET — OF — SHEETS
3. SYSTEM